

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২৯১১

তারিখ : ২৭ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ
একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয়ঃ বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর পরীক্ষার্থীদের ছবিযুক্ত প্রবেশপত্র ব্যবহার ও প্রিন্টকরণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ আগামী ১৯/০৯/২০২৫খ্রিঃ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীদের ছবিযুক্ত প্রবেশপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। ছবিযুক্ত প্রবেশপত্র আগামী ১৪/০৯/২০২৫ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার পর থেকে শিক্ষার্থীদের প্যানেলে (osapsnew.bou.ac.bd) পাওয়া যাবে। শিক্ষার্থীকে osapsnew.bou.ac.bd-তে প্রবেশ করে User ID এবং Password দিয়ে Login করে Admit Card download করে প্রিন্ট করতে হবে।

Download/প্রিন্টকৃত প্রবেশপত্রে কোন প্রকার ভুল ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা শুরুর পূর্বেই সংশ্লিষ্ট স্টাডি সেন্টার/উপ-আঞ্চলিক কেন্দ্র/আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে পরীক্ষার্থীকে সংশোধন করে নিতে হবে।

২। এছাড়াও প্রবেশপত্রের Soft Copy আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রের ই-মেইলে দেয়া হবে।


৩। শিক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহ বিশেষভাবে অনুসরণ করতে হবে:

- পরীক্ষার্থীগণ প্রবেশপত্রে উল্লিখিত বিষয়কোড ও শিরোনাম ব্যতীত অন্য কোন বিষয় কোড ও শিরোনামের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার্থীকে অবশ্যই প্রিন্টকৃত ছবিযুক্ত প্রবেশপত্র এবং মূল শিক্ষার্থী কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- প্রবেশপত্রে ৭ ডিজিটের রোল নম্বর দেয়া হয়েছে তবে রোল নম্বর উত্তরপত্রে এবং OMR শীটে লেখার প্রয়োজন নাই।

এমতাবস্থায়, বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী এবং শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদসহ।



মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : অবগতি ও কার্যার্থে :

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর পরীক্ষা কেন্দ্র(সকল), বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সিনিয়র সহকারী প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পরীক্ষা), আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
১০. সংরক্ষণ নথি।

